

আনিসুল হকের মৃত্যুতে তিন দিনের শোক ঘোষণা ডিএনসিসি'র

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০১ ডিসেম্বর ২০১৭, ১৭:৪১



মেয়র আনিসুল হক

মেয়র আনিসুল হকের মৃত্যুতে আজ (শুক্রবার) পহেলা ডিসেম্বর থেকে ৩ ডিসেম্বর পর্যন্ত তিন দিনের শোক পালনের ঘোষণা দিয়েছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। এ জন্য আগামী রবিবার (৩ ডিসেম্বর) ডিএনসিসি বন্ধ থাকবে।

শুক্রবার বিকালে ডিএনসিসির জনসংযোগ বিভাগ থেকে গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শনিবার (২ ডিসেম্বর) বাদ আসর আর্মি স্টেডিয়ামে প্রয়াত মেয়র আনিসুল হকের নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। পরে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

আনিসুল হকের মরদেহ শনিবার বেলা সাড়ে ১১টায় যুক্তরাজ্য থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে (নম্বর বিজি-০০২) দেশে আনা হবে। সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য তার মরদেহ বিকাল তিনটা থেকে আর্মি স্টেডিয়ামে রাখা হবে। সেখানেই বিকাল চারটায় আসরের নামাজের পর তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ব্যক্তিগত সফরে সপরিবারে যুক্তরাজ্যে যান আনিসুল হক। সেখানে অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে লন্ডনের ন্যাশনাল নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর তার মস্তিষ্কের প্রদাহজনিত রোগ ‘সেরিব্রাল ভাস্কুলাইটিস’ শনাক্ত করেন চিকিৎসকেরা। এরপর তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রেখে চিকিৎসা দেওয়া হচ্ছিল। ধীরে ধীরে অবস্থার উন্নতি ঘটলে তাকে গত ৩১ অক্টোবর আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশন সেন্টারে স্থানান্তর করা হয়। গত ২৮ নভেম্বর অবস্থার অবনতি ঘটলে তাকে রিহ্যাবিলিটেশন সেন্টার থেকে পুনরায় আইসিইউতে স্থানান্তর করা হয়। বৃহস্পতিবার (৩০ নভেম্বর) বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

আরও পড়ুন:

কাঁদলেন সাঈদ খোকন

/এসএস/ এপিএইচ/

*** বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।

